

# ‘আইডিয়াল’ নামে একাধিক কলেজ

■ নিজামুল হক

আইডিয়াল কলেজ এবং আইডিয়াল স্কুল এন্ড কলেজ— এই দু’টি কলেজের মধ্যে সেরাদের তালিকায় থাকা মতিঝিলের আইডিয়াল কলেজ কোনটি? নিশ্চয় যে কেউ বিভ্রান্ত হবেন। হয়েছেও তাই। এবারে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন করার সময় পছন্দের আইডিয়াল কলেজ অপশন দিতে গিয়ে কয়েকশ’ শিক্ষার্থী ভুল করেছেন। ফলে কাক্ষিত আইডিয়াল কলেজ তাদের ভাগ্যে জোটেনি। একই নামের অন্য কলেজের তালিকায় নিজেদের নাম দেখে তারা হতাশ হয়েছেন। আর এই ভুল কিভাবে শোধরানো যায়, তা জানতে গতকাল মঙ্গলবার ঢাকা শিক্ষা বোর্ডে হাজির হন তারা। কিন্তু সমাধানের কোন আশাই পাওয়া যায়নি।

বিভ্রান্ত  
শিক্ষার্থীরা,  
কাক্ষিত  
কলেজে  
ভর্তির  
সুযোগ  
পাননি  
অনেকেই

মতিঝিল আইডিয়াল স্কুল থেকে গোল্ডেন জিপিএ-৫ পাওয়া এক শিক্ষার্থী পছন্দের অপশনে নিজের প্রতিষ্ঠান পছন্দ করতে গিয়ে ‘আইডিয়াল কলেজ’ উল্লেখ করেন। কিন্তু ফল প্রকাশের পর দেখতে পান তাকে ভর্তির সুযোগ দেয়া হয়েছে ধানমন্ডির একটি শিক্ষা প্রতিষ্ঠানে; যার নাম আইডিয়াল কলেজ। এই শিক্ষার্থী তার বাবাকে নিয়ে গত দু’দিন ধরে ঘুরছেন ঢাকা বোর্ডের বিভিন্ন করিডোরে। কিন্তু কোন সমাধান পাননি। ওই শিক্ষার্থীর বাবা এই প্রতিবেদকে বলেন, ‘বোর্ড থেকে বলা হচ্ছে আমার সন্তানকে ধানমন্ডির ওই আইডিয়াল কলেজেই ভর্তি হতে হবে। কিন্তু আমি কোন

অবহাতেই ওই কলেজে ছেলেকে ভর্তি করাবো না। প্রসঙ্গত সেরা তালিকায় থাকা কলেজটির নাম আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল। শুধু আইডিয়াল নামে এ’দুটি নয়- ন্যাশনাল আইডিয়াল কলেজ, খিলগাঁও আইডিয়াল কলেজ, মহানগর আইডিয়াল কলেজ, দেশ আইডিয়াল কলেজ, ঢাকা আইডিয়াল কলেজ - এভাবে আইডিয়াল যুক্ত রাজধানীতে অসংখ্য কলেজ রয়েছে। আর একাধিক কলেজের ক্ষেত্রেই এই ভুল হয়েছে।

এ বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের উপ-পরিদর্শক (কলেজ) অশ্বত্থ কুমার রায় বলেন, পছন্দের আইডিয়াল কলেজে ভর্তির জন্য আবেদন করতে গিয়ে অনেকে ‘আইডিয়াল’ নামে অন্য প্রতিষ্ঠানে আবেদন করেছে। শিক্ষার্থীদের এমন ভুল সম্পর্কে আমরা অবগত। এসব শিক্ষার্থী এখন ভর্তি না হয়ে নতুন করে আবেদন করতে পারে। শিক্ষার্থীরা যাতে পুনরায় পছন্দের আইডিয়াল কলেজের অপশনে আবার ভুল না করে এজন্য ইআইএন নম্বর সম্পর্কে খেয়াল রাখতে হবে। তিনি স্বীকার করেন যে আইডিয়াল নামে একাধিক কলেজ রয়েছে। আইডিয়ালের বতো নটরডেম কলেজ ও সেন্ট যোসেফ নামেও পৃথক দুটি কলেজ রয়েছে।

গোল্ডেন জিপিএ-৫ পেলেও তালিকায় নাম নেই; গতকাল সরেজমিনে ঢাকা বোর্ডে গিয়ে কয়েকশ’ শিক্ষার্থীর ভর্তি নিয়ে নানা ধরনের ভোগান্তির চিত্র দেখা গেছে। অনেকে পছন্দের কলেজে ভর্তির সুযোগ না পেয়ে কাঁশা-কাঁটি করছেন। নারায়ণগঞ্জ থেকে এক অভিভাবক এসেছেন। রুফিকুল নামের ওই অভিভাবক জানান, তার ছেলে গোল্ডেন জিপিএ-৫ পেয়েছে। পছন্দের তালিকায় ঢাকা রাইফেলস পাবলিক স্কুল এন্ড কলেজ, রেসিডেন্সিয়াল মডেল কলেজ, ঢাকা কলেজসহ ৫টি কলেজের অপশন দিয়েছে। কিন্তু প্রথম তালিকায় ১০ লাখের মধ্যে তার ছেলের নাম নেই। তাকে দ্বিতীয় মেধাতালিকার জন্য পৃষ্ঠা ২ কলাম ৪

## ‘আইডিয়াল’ নামে

২০ পৃষ্ঠার পর

অপেক্ষা করতে বলা হয়েছে। তিনি এই প্রতিবেদককে প্রশ্ন করেন, ছেলে গোল্ডেন জিপিএ-৫ পাওয়ার পরও কোথাও ভর্তির সুযোগ পাবে না কেন?

ভর্তির বাইরে এক লাখ শিক্ষার্থী: ১ জুলাই থেকে কলেজে একাদশ শ্রেণির ক্লাস শুরু হওয়ার কথা। ২৯ ও ৩০ জুন যারা ভর্তি হবে তারা ই কলেজে উপস্থিত হবে। গত ২৮ জুন ১১ লাখ ৫৭ হাজার ২২৪ জন আবেদনকারীর মধ্যে ১০ লাখ ৯৩ হাজার ৩৭৪ জন শিক্ষার্থীকে স্থান দিয়ে প্রথম মেধাতালিকা প্রকাশ করে বোর্ড। এদিকে আবেদন করেও বাদ পড়েছে ৫৩ হাজার ৮৫০ জন। এছাড়া পছন্দের কলেজে ভর্তির সুযোগ না পাওয়ায় ভর্তি না হওয়াসহ বিভিন্ন কারণে প্রথম দিন ক্লাস থেকে বাদ পড়েছে প্রায় এক লাখ শিক্ষার্থী।

উল্লেখ্য, এবারই প্রথম সারা দেশে ‘স্মার্ট অ্যাজমিশন সিস্টেম’-এ শিক্ষার্থী ভর্তির উদ্যোগ নেয় সরকার। গত ২৫ জুন মনোনীতদের তালিকা প্রকাশের কথা থাকলেও চার দফা গিছিয়ে ২৮ জুন মধ্যরাতে একাদশ ভর্তির তালিকা প্রকাশ করে ঢাকা শিক্ষা বোর্ড। অনশাহিনে আবেদন গ্রহণ ও তালিকা প্রকাশে শিক্ষা বোর্ডকে কারিগরি সহায়তা দেয় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।